

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪  
সিএন্ডএফ এজেন্টস হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- [www.cnfctg.org](http://www.cnfctg.org), [www.cnfctg.net](http://www.cnfctg.net)  
E-mail- [cnfctg@gmail.com](mailto:cnfctg@gmail.com), [cnfctg@yahoo.com](mailto:cnfctg@yahoo.com)

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৩৯/২০১৯

তারিখঃ ০১/০৮/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

মুসক নিবন্ধন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তি সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান

সচিব

রাজস্বের ধ্বংস

টেকসই সমৃদ্ধি



### জাতীয় রাজস্ব বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্মানিত করদাতাদের সুবিধার্থে অনলাইনে মুসক নিবন্ধন গ্রহণের সময় আগামী ১৪ আগস্ট, ২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। সে অনুযায়ী,

- যে সকল সম্মানিত করদাতা ইতোপূর্বে অনলাইনে মুসক নিবন্ধন (৯ ডিজিট) গ্রহণ করেছেন তাঁদেরকে নতুন করে “মুসক-২.১ ফরম” পূরণপূর্বক নিবন্ধন সংক্রান্ত তথ্যসমূহ হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো ;
- যে সকল সম্মানিত করদাতা নতুন পদ্ধতিতে মুসক নিবন্ধন গ্রহণ করেননি অর্থাৎ এখনও ১১ ডিজিট নিবন্ধন ব্যবহার করছেন, তাদেরকেও অবিলম্বে অনলাইনে ([www.vat.gov.bd](http://www.vat.gov.bd)) নিবন্ধন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো ;
- যে সকল সম্মানিত করদাতা ০৭ জুলাই, ২০১৯ তারিখ পর্যন্ত অনলাইনে নিবন্ধনের জন্য আবেদন করেছেন, সিস্টেম আপগ্রেড করার কারণে সেটি বন্ধ থাকায় তাঁদের নিবন্ধনের আবেদন সিস্টেমে গৃহীত হয়নি। তাই, তাঁদেরকে পুনরায় অনলাইনে নিবন্ধনের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সম্মানিত করদাতাদের মাসিক রিটার্ন দাখিল, আমদানি/রপ্তানিসহ অন্যান্য ব্যবসায়িক কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনার লক্ষ্যে আগামী ১৪ আগস্ট, ২০১৯ খ্রি: তারিখের মধ্যে নিবন্ধনের তথ্যাদি হালনাগাদ এবং প্রযোজ্য ক্ষেত্রে নতুন পদ্ধতিতে নিবন্ধন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

আসুন, সবাই মিলে মুসক তথ্য হালনাগাদ করে রাজস্ব সুরক্ষায় সরকারকে সহায়তা করি।

### ভ্যাট সংক্রান্ত

যেকোন তথ্যের জন্য কল করুন



**16555**  
VAT ONLINE  
CONTACT CENTER

### অনলাইনে ভিজিট করুন

[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)  
[www.vat.gov.bd](http://www.vat.gov.bd)

## জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)